# দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ

গাজীপুর-১৭০৩

নং : ২০১৭-০৪ তারিখঃ ০৮-০৮-১৮খ্রীঃ

**বিষয়ঃ ইনোভেশন টিমের সভা প্রসংগে।**

করপোরেশনের অফিস নির্দেশ নং এসপিসিবি/প্রশা:/পার্সো:/০৪/২০১৭-২৪০ তারিখ ১৪/১১/১৭ এর আলোকে গঠিত ইনোভেশন টিম এর একটি সভা অদ্য ২৪/০৭/২০১৮ইং তারিখ সকাল ১০:০০টায় মহাব্যবস্থাপক (প্রশাসন) এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জনাব কামাল আহমেদ, ব্যবস্থাপক (আইটি) ও মোঃ কবির উদ্দিন, সহকারী ব্যবস্থাপক (আইটি) উপস্থিত ছিলেন। ইনোভেশন টিমের বিগত ২৩/০৪/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত মাসিক সভার পরবর্তী উদ্ভাবনী পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় প্রাপ্ত উদ্ভাবনী পরিকল্পনার বাস্তবায়ণ/বর্তমান অবস্থা ও করনীয় নিম্নরূপঃ

| বিষয় | পূর্ববর্তী সভা | বর্তমান অবস্থা | করনীয় |
|---|---|---|---|
| **নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশনঃ** | গঠিত কমিটির জ্যেষ্ঠতম কর্মকর্তাকে দ্রুততম সময়ে কার্যক্রম সম্পন্নের জন্য অনুরোধ করা যেতে পারে। | প্রথম সেবা Security Product Management অধিকতর সহজ উপায়ে প্রদান করার পন্থা বা প্রক্রিয়া উদ্ভাবন এবং সংশ্লিষ্ট আইন বা বিধি পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সংশোধনীর সুপারিশ প্রণয়ন করার জন্য গঠিত কমিটির একটি প্রতিবেদন পাওয়া গেছে।<br><br>এটুআই সংশ্লিষ্টরা বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তরের রোডম্যাপ নিয়ে ব্যস্ত থাকায় খুব শীঘ্রই এটুআই কর্তৃক ৬ দিনের কর্মশালা অনুষ্ঠিত হবে না বিধায় করপোরেশনের চূড়ান্তকৃত ই-সার্ভিস বাস্তবায়নের লক্ষ্যে ই-সার্ভিস ডিজাইন, পরিকল্পনার ৬ দিনের কর্মশালার পরিবর্তে সাপ্তাহিক ছুটির দিন করপোরেশনের আঙ্গিনায় এটুআই এর রিসোর্স পার্সনদের সহয়তায় ই-সার্ভিস ডিজাইন ও পরিকল্পনা সম্পন্ন করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। | - |
| **ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রমঃ** | গঠিত কমিটির জ্যেষ্ঠতম কর্মকর্তাকে দ্রুততম সময়ে কার্যক্রম সম্পন্নের জন্য অনুরোধ করা যেতে পারে। | ই-ফাইলের আওতাধীন ডিজিটাল নথি নাম্বার সংক্রান্ত একটি প্রশিক্ষণ কর্মশালা আর্থিক প্রতিষ্ঠানের প্রশিক্ষকদের মাধ্যমে সম্পন্ন করা হয়। উক্ত প্রশিক্ষণের আলোকে ডিজিটাল নথি নাম্বার ব্যবহারের অফিস নির্দেশনা জারি করা হয়েছে। | ই-ফাইলের জন্য করপোরেশনের বাস্তবে কার্যকর সাংগঠনিক কাঠামো প্রস্তুত করে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের জন্য প্রশাসন বিভাগের পার্সোনেল সার্ভিসেস শাখাকে অনুরোধ করা যেতে পারে। |
| **আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপঃ** | ইনোভেশন বাক্স তৈরী করার পর করপোরেশনের সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে একটি অফিস আদেশ জারি করার জন্য পার্সোনেল সার্ভিসেস শাখাকে অনুরোধ করা যেতে পারে। | ইনোভেশন বাক্স তৈরী করা হয়েছে।<br>করপোরেশনের গেস্ট হাউসের নীচ তলায় ড্রইং রুমের পাশের রুমে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রম গত ৩০/০৬/২০১৮ এবং ০১/০৭/২০১৮ইং তারিখ সম্পন্ন হয়। প্রশিক্ষন কার্যক্রম শেষে অংশগ্রহণকারী ৪টি দলের ৪টি উদ্ভাবনী সেবা উদ্ভাবন প্রকল্প ছকে উপস্থাপন করা হয়। | প্রাপ্ত ৪টি উদ্ভাবনী সেবা যাচাই বাছাইয়ের জন্য টিম লিডারদের নিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের উপস্থিতিতে একটি কর্মশালা করপোরেশনের বোর্ডরুমে করা যেতে পারে। কর্মশালার কার্যবিবরণী অনুযায়ী পরবর্তি কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।<br>করপোরেশনের সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা ইনোভেশন বাক্সে নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে একটি অফিস আদেশ জারি করার জন্য পার্সোনেল সার্ভিসেস শাখাকে অনুরোধ করা যেতে পারে। |
| **ট্রেনিং:** | | করপোরেশনের গেস্ট হাউসের নীচ তলায় ড্রইং রুমের পাশের রুমে ইনোভেশন | প্রতিটি বিভাগ থেকে একইরকম কাজ করেন |

| বিষয় | পূর্ববর্তী সভা | বর্তমান অবস্থা | করনীয় |
|---|---|---|---|
| | | সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রম গত ৩০/০৬/২০১৮ এবং ০১/০৭/২০১৮ইং তারিখ সম্পন্ন হয়। প্রশিক্ষন কার্যক্রম শেষে অংশগ্রহণকারী ৪টি দলের ৪টি উদ্ভাবনী সেবা উদ্ভাবন প্রকল্প ছকে উপস্থাপন করা হয়েছে। | (Homogeneous) এমন ৩-৫ জন করে এএম/ডিএম পর্যায়ের কর্মকর্তাকে মনোনয়ন দিয়ে মোট ২০/৩০ জন কর্মকর্তা নিয়ে পরবর্তি একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের জন্য ব্যবস্থা নেয়া যেতে পারে। |
| **ইনোভেটরদের আর্থিক সহায়তা প্রদানঃ** | সহায়তা ফান্ড গঠন হবে ইনোভেশন টিমকে জানানোর অনুরোধ করা যেতে পারে। | | সহায়তা ফান্ড গঠিত হলে ইনোভেশন টিমকে জানানোর জন্য অনুরোধ করা যেতে পারে। |
| **পুরষ্কার প্রদানঃ** | | করপোরেশনে কর্মরত আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা-কর্মচারী নির্বাচিত হওয়া সাপেক্ষে পুরষ্কার প্রদানের প্রক্রিয়া গ্রহণ করা হবে। | - |
| **পার্টনারশিপ ও নেটওয়ার্কিং:** | প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য ১। বাংলাদেশ অর্ডন্যান্স ফাক্টরীজ। ২। বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী। ৩। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ৪। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এ পূণরায় অনুরোধ পত্র প্রেরণ করা যেতে পারে। এছাড়া বাংলাদেশ ব্যাংকেও পত্র প্রেরণ করা যেতে পারে। | বাংলাদেশ ব্যাংকের সাথে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর সাথে যোগাযোগ করে তাদের সাথে মতবিনিময়ের সভা করা যেতে পারে। |
| **সোস্যাল মিডিয়ার ব্যবহারঃ** | নিয়মিত তথ্যাদি আপডেট করার জন্য অনুরোধ করা যেতে পারে। উদ্ভাবনী ধারণা পাওয়া গেলে ইনোভেশন টিমকে জানানোর অনুরোধ করা যেতে পারে। | করপোরেশনের জন্য সামাজিক মাধ্যম ফেসবুক পেইজ www.facebook.com/ spcbl.gazipur বন্ধ হয়ে যাওয়ায় এর পরিবর্তে www.facebook.com/Takshal ফেসবুক পেইজ খোলা হয়েছে। | - |
| **প্রকাশনা ও ডকুমেন্টশনঃ** | অগ্রগতির তথ্যাদি ওয়েব সাইটে প্রকাশ করা যেতে পারে। | ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী সংক্রান্ত তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। | বর্তমান সভার কার্যবিবরণীর তথ্যাদি ওয়েব সাইটে প্রকাশ করা যেতে পারে। |

উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ইনোভেশন টিমের কার্যপরিধির ৪.৩ অনুযায়ী পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ইনোভেশন টিমের পরবর্তী মাসিক সভায় কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্যাদি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ নজরুল ইসলাম)
ইনোভেশন অফিসার ও
মহাব্যবস্থাপক (প্রশাসন)